

ন্যায়বিচার বার্তা

দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের আইনি সহায়তা প্রদানের লক্ষ্যে কোস্ট ফাউন্ডেশন জুলাই, ২০২১ থেকে এক্সেস টু জাস্টিস নামক প্রকল্প জিআইজেডের কারিগরি সহায়তায় বাস্তবায়ন করে যাচ্ছে। আর্থিকভাবে অসচ্ছল, লিঙ্গীয় বৈচিত্র্যের জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের আইনগত সেবা প্রদান এবং মামলাজট নিরসনে দেশের প্রাচীনকালের সালিশ ব্যবস্থাকে আরও কার্যকর, অংশগ্রহণভিত্তিক এবং পুনঃস্থাপনমূলক করে কমিউনিটি পর্যায়ে আপসযোগ্য ফৌজদারি ও দেওয়ানি অপরাধের মীমাংসা করা এই প্রকল্পের মূল লক্ষ্য।

ধারের অর্থ ফেরত পেল নাজিম

বাকেরগঞ্জ উপজেলার ১১ নং ভরপাশা ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের দক্ষিণ কৃষ্ণকাঠী গ্রামের মৃতঃ নূর মোহাম্মদ এবং মৃত হোসেনয়ারা বেগমের পুত্র নাজিম উদ্দিন খান। তার বয়স ৪৬ বছর। তার প্রতিবেশী মোঃ আব্দুর রব ও তাছলিমা বেগমের পুত্র মোঃ দুলাল মোল্লা। তার বয়স ৩৩ বছর।

গত ১৫/০১/২০২২ ইং তারিখে জনাব নাজিম উদ্দিনের নিকট হতে দুলাল মোল্লা ১০০০০ টাকা ধার নেয়। টাকা ধার নেয়ার সময় দুলাল মোল্লা প্রতিশ্রুতি প্রদান করেন যে, আগামী ১ মাসের মধ্যে অর্থাৎ ফেব্রুয়ারী মাসে ১০০০০ টাকা পরিশোধ করবেন। কিন্তু ৫ মাস ধরে সে টাকা পরিশোধ করেন না। বারবার টাকা পরিশোধ করার জন্য বললেও টাকা পরিশোধ করেন না। পরবর্তীতে গত ১২/০৫/২০২২ ইং তারিখে পুনরায় টাকা পরিশোধ করার জন্য বললে সে জানায় টাকা দিতে পারবেন না। তাদের মধ্যে বাক বিতন্ডা হয়, রাগারাগি হয় অতঃপর মারামারি সংঘটিত হয়। স্থানীয় জনগন দেখে দুজনকে থামিয়ে দেয়। ক্ষতিগ্রস্ত টাকা আদায়ের জন্য থানায় মামলা করতে চান।

ঘটনাটি আরজেএফ দুলাল মোল্লা জানতে পারে এবং সে উভয় পক্ষের সাথে কথা বলে এবং সে জনান যে, বিরোধটি মীমাংসা হওয়া প্রয়োজন। অতঃপর আরজেএফ দুলাল মোল্লা গত ১৫/০৫/২০২২ ইং তারিখে অভিযুক্ত ও ক্ষতিগ্রস্তের সাথে আলাদা আলাদা ভাবে পূর্ব প্রস্ততি সভা করে। দুলাল মোল্লা ২ জনের সাথে আলোচনা করেন। অভিযুক্ত ও ক্ষতিগ্রস্তকে মামলা করার কুফল সম্পর্কে সচেতন করেন যে, মামলা করলে অনেক টাকা নষ্ট হবে তাছাড়া দুই পক্ষই হয়রানি হবে। তাদেরকে স্থানীয়ভাবে আরজে সভার মাধ্যমে মীমাংসা করতে প্রস্তাব করেন। অভিযুক্ত ও ক্ষতিগ্রস্ত উভয়ই মীমাংসা করতে সম্মত হন। অভিযুক্তের সাথে আরজেএফ আলোচনা করেন এবং প্রস্তাব দেন যে, মীমাংসার দিন ৫০০০ টাকা পরিশোধ করার। অভিযুক্ত রাজি হন। সকলের সম্মতিতে আরজেএফ পদ্ধতিতে মীমাংসার জন্য ২৩/০৫/২০২২ ইং তারিখে সকাল ১০:০০ ঘটিকার সময় সময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। অতঃপর গত ২৩/০৫/২০২২ ইং তারিখে অভিযুক্ত, অভিযুক্তের পরিবার, ক্ষতিগ্রস্ত, ক্ষতিগ্রস্তের পরিবার, কমিউনিটির ২ জন সদস্য, আরজেএফ ও কমিউনিটি প্যারালিগ্যাল এর উপস্থিতিতে আরজে সভা অনুষ্ঠিত হয়। আরজে সভায় অভিযুক্তের মতামত, ক্ষতিগ্রস্তের মতামত ও কমিউনিটি সদস্যরা মতামত প্রদান করেন। অতঃপর অভিযুক্ত ৫০০০ টাকা মীমাংসার মধ্যে প্রদান করেন। এবং বাকি ৫০০০ টাকা ১ মাসের মধ্যে দিবে বলে প্রতিশ্রুতি প্রদান করেন। সেই অনুযায়ী সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। গত ২৬/০৫/২০২২ ইং তারিখে পুনরায় ফলোআপ করলে নাজিমউদ্দিন ৫০০০ টাকা পেয়ে খুবই খুশি ও আনন্দিত। অভিযুক্ত এবং ক্ষতিগ্রস্তের মধ্যে সুসম্পর্ক বাস্তবায়ন হয়।



আরজে মিডিয়েশন ভরপাশা ইউনিয়ন, ২৩ মে ২০২২, ছবি-শামীমা আক্তার

আরজে সভার মাধ্যমে ভুল সংশোধন

আনোয়ারা সদর ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা রুববেল সর্দার ও সুইটি সর্দার। পারিবারিকভাবে তাদের বিয়ে ঠিক করা ছিল, কিন্তু মেয়ের বাবা লোভে পরে অন্য ছেলের সাথে মেয়ের বিয়ের সিদ্ধান্ত নেন। সুইটি বিষয়টি জানতে পেরে রুববেলকে জানান। রুববেল এটিকে প্রতারণা মনে করেন, কেননা সে বিয়ের জন্য সব কেনাকাটা করেন।

রুববেল এলাকার গণ্যমান্য ব্যক্তিত্বের নিয়ে আরজে সহায়ককে বিষয়টি জানান। আরজে সহায়ক ঘটনার সত্যতা যাচাই করার জন্য দুই পক্ষের সাথে কথা এবং বিষয়টিকে গুরুত্ব সহকারে নিয়ে একটি বৈঠকের ব্যবস্থা করেন। বৈঠকে তিনি মেয়ের বাবাকে চিন্তাভাবনা করে কাজ করতে বলেন। সুইটি জানান সে রুববেলকে ছাড়া অন্য কাউকে বিয়ে করবে না, তখন সবাই মেয়ের বক্তব্যকে প্রাধান্য দিয়ে বিয়ের ব্যবস্থা করেন। মেয়ের বাবা নিজের ভুল বুঝতে পারে এবং সবার মতামতের ভিত্তিতে তাদের বিয়ে হয়, বর্তমানে তারা সুখে সংসার করছেন।



আরজে সভা আনোয়ারা সদর ইউনিয়ন, ২৯ মে ২০২২, ছবি-শেলী ভট্টাচার্য

কোস্ট ফাউন্ডেশনের সহায়তায় ভিজিএফ কার্ড পাওয়া



লাঙ্গী রাণী ভিজিএফ কার্ডের স্লিপ পেয়েছেন, মাধবপাশা ইউনিয়ন, ছবি-কাজল আক্তার

কমিউনিটি প্যারালিগ্যালরা লিগ্যাল এইড এবং সামাজিক নিরাপত্তা কর্মসূচির সম্পর্কে মানুষকে সচেতন করছেন উঠোন বৈঠক ও হোম ভিজিটের মাধ্যমে। বারিশাল বিভাগে চার লক্ষ জেলে মাছ ধরার সাথে জড়িত থাকলেও ভিজিএফ কার্ড পাচ্ছেন মাত্র তিন লক্ষ সাত হাজার মানুষ। এই জন্যই কোস্ট ফাউন্ডেশন জেলের ভিজিএফ এবং অন্যান্য সহায়তা পাওয়া নিয়ে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। ইতিমধ্যে কোস্ট সহযোগিতায় জিআইজেড কমিউনিটিতে ন্যায় বিচারে প্রবেশাধিকার প্রকল্পের মাধ্যমে ১৭ জন ভিজিএফ কার্ড পেয়েছেন। উঠোন বৈঠকের মাধ্যমে ১৩ জন ও হোম ভিজিটের মাধ্যমে ৪ জন কার্ড পেয়েছেন। প্রতিটি মানুষ ছিলো অত্যন্ত দরিদ্র ও প্রান্তিক।

কমিউনিটি প্যারালিগ্যালরা রেফারেল ফরম পূরন করে তথ্য রেজিস্টার রাখেন। তারা সেবাগ্রহীতাকে প্রয়োজনীয় সকল নথি নিয়ে মৎস্য অফিসে বা ইউনিয়ন পরিষদে নিয়ে যান। আবেদনকারীকে আবেদনের ৩০ দিনের মধ্যে একটি স্লিপ দেওয়া হয়। পরবর্তীতে কার্ড আসলে তা আবেদনকারীর কাছে প্রদান করা হয়। কার্ড পাওয়ার পর তারা ইউনিয়ন পরিষদ থেকে চাউল পান। ভিজিএফ কার্ড হাতে পাওয়ার পর শিবু চন্দ্র বলেন “ আমরা উঠোন বৈঠকের মাধ্যমে ভিজিএফ কার্ডের কথা জানতে পারি এবং কোস্ট ফাউন্ডেশনের কাজল আপার সহায়তায় কার্ড পেয়েছি” চাউল পেয়ে আমরা অত্যন্ত আনন্দিত।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য

মোবাইল: ০১৭১৩-৩২৮৮৩০

ইমেইল: jahirul@coastbd.net

ওয়েবসাইড: www.coastbd.net

আরজে মিডিয়েশন মাধ্যমে অবৈধ সম্পর্কের বিরোধ নিষ্পত্তি

কামরুন নাহার ও জালাল আহম্মেদ বার্মাখালী উপজেলার সাধনপুর ইউনিয়নের ২ নং ওয়ার্ডের বাসিন্দা। সম্পর্কে তারা স্বামী স্ত্রী, তাদের দুই ছেলে এক মেয়ে সন্তান রয়েছে। জালাল আহম্মেদ প্রবাসে থাকেন, কয়েক বছর পর তিনি বাড়িতে আসেন। বাড়িতে আসার পর তাদের সংসার ভালোই চলছিল। কিছুদিন পর জালাল প্রতিবেশী এক নারীর সাথে পরকিয়ায় জড়ান।

কামরুন নাহার সেটা বুঝতে পারে এবং বাধার দেয়ার চেষ্টা করলে তাদের মদ্যে ঝগড়ার সৃষ্টি হয় এবং এক পর্যায়ে জালাল কামরুন নাহারকে মারধর করেন, ফলে তিনি বাবার বাড়িতে চলে যান। পরদিন তার বড় ছেলে তাকে বাড়িতে ফিরিয়ে নিয়ে আসেন। কামরুন নাহার বিষয়টি আরজে সহায়ক আবদুল খালেকের সাথে যোগাযোগ করলে তিনি সত্যতা যাচাই করে আরজে সভার মাধ্যমে তা সমাধান করার জন্য প্রতিশ্রুতি প্রদান করেন। বিষয়টি সত্যতা যাচাই করার পর আরজে সহায়ক আরজে সভার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি করেন। জালাল আহম্মেদ তার ভুল বুঝতে পারে এবং স্ত্রী সন্তান নিয়ে স্বাভাবিক সংসার করছেন। বিষয়টি ফেলাআপ করে সিপি ও আরজে সহায়ক জানান, তারা এখন মিলেমিশে আগের মত সংসার করছে।



আরজে মিডিয়েশন সাধনপুর ইউনিয়ন, ১৯ মে ২০২২, ছবি-এনি দে

মাসিক কার্যক্রমের বিবরণ:

ক্রমিক নং	কার্যক্রমের নাম	টার্গেট	অর্জন
১.	মাসিক প্রকল্প স্টাফ সমন্বয় সভা	০২	০২
২.	মাসিক ইউপি সমন্বয় সভা	১৫	০৮
৩.	মাসিক আরজেএফ সমন্বয় সভা	১৫	১৫
৪.	কমিউনিটি ভিত্তিক লিগ্যাল এইড ক্লিনিক	০৯	০৪